# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

স্মারক নং-জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/৯০৬০(৩৫) তারিখ ঃ ০২/০৬/২০২২

### সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার 'যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক' কমিটির সভা ১২/০৬/২০২২ খ্রিঃ তারিখ রোজ ঃ রবিবার, বেলা ১২.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

| ক্রমনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ২ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সংরক্ষিত-৫) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | (স্বাক্ষর) |
| ৩ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | (স্বাক্ষর) |
| ৪ | মোঃ মতিয়ার রহমান বাবু | কাউন্সিলর, ওয়ার্ড নং-৭ জয়পুরহাট পৌরসভা। | সদস্য | (স্বাক্ষর) |
| ৫ | জনাব এ,টি,এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী | সদস্য-সচিব | (স্বাক্ষর) |

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরনী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে আলোচনা।

২। বর্ষার সময় মাটির বাঁধ রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনা

৩। ড্রেন পরিষ্কার বিষয়ে আলোচনা

৪। বিবিধ।

প্রাপক ঃ

............................................................

সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো
বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

(মোছাঃ জান্নাতুল ফেরদৌস)
কাউন্সিলর, সংরক্ষিত - ০১
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার "যোগাযোগ ও ভৌত অবকাঠামো" বিষয়ক কমিটির কার্যবিবরণী।

সভাপতি ঃ মোছাঃ জান্নাতুল ফেরদৌস, সংরক্ষিত - ০১, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১২/০৬/২০২২ খ্রিঃ।

রোজ ঃ রবিবার।

সময় ঃ ১২.০০ ঘটিকা।

অদ্য ১২/০৬/২০২২ খ্রিঃ তারিখ রোজঃ রবিবার সময় ঃ ১২.০০ ঘটিকার পৌর মিলনায়তন এ যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির মোছাঃ জান্নাতুল ফেরদৌস। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরনী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য কমিটির সচিবিক দায়িত্ব পালনকারী জনাব এ. টি. এম মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

<u>২ নং আলোচ্য সূচী</u> ঃ ঃ বর্ষার সময় মাটির বাঁধ রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনা ঃ

আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ জান্নাতুল ফেরদৌস মাটির বাঁধ রক্ষণাবেক্ষন বিষয়ের গুরুত্ব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন এখন বর্ষা মৌসুম শুরু হওয়ার আগে থেকেই ব্যাপক ঝড় ও বৃষ্টিপাত শুরু হয়েছে। এজন্য আমার ওয়ার্ড তথা পৌরসভার যে জায়গাগুলোতে মাটির রাস্তা আছে এগুলো দ্রুত পরিদর্শন করে এর একটি তালিকা প্রস্তুত করতে হবে। এছাড়া এই তালিকাকৃত রাস্তার মধ্যে কোনটি বেশী ক্ষতিগ্রস্ত সেটি আগে প্রতিরোধের ব্যবস্থা গ্রহন করতে হবে। এজন্য আমি পৌরপরিষদে বাঁধ মেরামতের বিষয়ে আলোচনা করে যে সিদ্ধান্ত হয় ঐ অনুযায়ী কার্যক্রম গ্রহন করা হবে

সিদ্ধান্ত ঃ মাটির বাঁধ রক্ষণাবেক্ষণ বিষয়ে নিশ্চিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ

ড্রেন পরিষ্কার বিষয়ে আলোচনা ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ জান্নাতুল ফেরদৌস ড্রেন পরিষ্কার বিষয়ে ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন এখন যেহেতু বর্ষা মৌসুম শুরু হতে যাচ্ছে, এই সময় পৌরসভার সমস্ত ড্রেন ভালভাবে পরিষকার করতে হবে। এই সময়ে ড্রেন ঠিকমত পরিষ্কার করা না হলে, অতিরিক্ত বৃষ্টি হলে এই বৃষ্টির পানি ঠিকমত ড্রেন দিয়ে নিষ্কাশিত না হলে রাস্তা-ঘাট পানির নিচে নিমজ্জিত হবে। এছাড়া যে এলাকাগুলো নিচু এগুলো পানির নীচে তলায়ে যাবে। এতে মানুষের স্বাভাবিক জীবনে অনেক ভোগান্তির সৃষ্টি হবে। এসব ভোগান্তির হাত থেকে রক্ষার জন্য অবশ্যই ড্রেন ভালভাবে পরিষ্কার করতে হবে।

সিদ্ধান্ত ঃ ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ জান্নাতুল ফেরদৌস সভায় এ বিষয়ে সবাইকে অবগত করেন যে ড্রেন নিয়মিত পরিষ্কার করার জন্য পৌরসভা থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ জান্নাতুল ফেরদৌস)
কাউন্সিলর, সংরক্ষিত - ০১
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জয়পৌঃসঃ/প্রকৌঃ/২০২১-২০২২/৯০৯৬(০৬)　　　　তারিখ ঃ ২২/০৬/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ......................,সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি।
৩। অফিস নথি।

(মোছাঃ জান্নাতুল ফেরদৌস)
কাউন্সিলর, সংরক্ষিত - ০১
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার "যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক" কমিটি

সভাপতি : মোছাঃ জান্নাতুল ফেরদৌস, কাউন্সিলর, সংরক্ষিত - ০১, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান : পৌর মিলনায়তন।

তারিখ : ১২/০৬/২০২২ খ্রিঃ।

বার : রবিবার।

সময় : ১২.০০ ঘটিকা।

### সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্রমিক | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর, সংরক্ষিত - ০১, জয়পুরহাট পৌরসভা। | সভাপতি | (স্বাক্ষরিত) |
| ২ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা। | সদস্য | |
| ৩ | মোঃ সেকেন্দার ইকবাল হোসেন | কাউন্সিলর (সংরক্ষিত-৫) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | (স্বাক্ষরিত) |
| ৪ | [illegible] | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা। | সদস্য | (স্বাক্ষরিত) |
| ৫ | মোঃ মাহবুব রহমান বাবু | কাউন্সিলর, ওয়ার্ড নং-৭ জয়পুরহাট পৌরসভা। | সদস্য | (স্বাক্ষরিত) |
| ৬ | প্রকৌশলী এ.টি.এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী | সদস্য-সচিব | (স্বাক্ষরিত) |